JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ন্যাশনাল ট্রেলস ডে-র জন্য হাডসন রিভার স্কাইওয়াকের সাড়ম্বর উদ্বোধনের কথা ঘোষণা করেছেন

প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি (NYS Bridge Authority), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ স্টেট (NYS Department of State) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট আই লাভ নিউ ইয়র্কের (Empire State Development I LOVE NY) থেকে অর্থ সরবরাহের মাধ্যমে 11.1 মিলিয়ন ডলার বিনিয়োগকে অন্তর্ভুক্ত করেছে

গভর্নর কুওমো গত বসন্তে হাডসন রিভার স্কাইওয়াক অঞ্চলটি (Hudson River Skywalk Region) মনোনীত করেছিলেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ন্যাশনাল ট্রেলস ডে-র স্মরণে আজ হাডসন রিভার স্কাইওয়াক খুলে দেওয়ার কথা ঘোষণা করেছেন। স্টেটের 11.1 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগের পরে, সম্পূর্ণ হওয়া প্রকল্পটি আমেরিকার প্রথম চিত্রকলা আন্দোলনের দুটি দ্রষ্টব্য স্থান: থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান (Thomas Cole National Historic Site) এবং ওলানা স্টেট ঐতিহাসিক স্থানকে (Olana State Historic Site) সংযুক্ত করতে রিপ ভ্যান উইঙ্কেল ব্রিজ (Rip Van Winkle Bridge) বরাবর ঐতিহাসিক এবং নয়নাভিরাম ওয়াকওয়েটিকে সম্প্রসারিত করেছে। হাডসন রিভার স্কাইওয়াকটি ব্রিজের উপর থেকে পথচারীদের হাডসন রিভার এবং ক্যাটস্কিল মাউন্টেনসের (Catskill Mountains) মনোমুগ্ধকর দৃশ্য দেখার জন্য একটি নতুন জায়গাকে, উপরন্তু পথচারীদের দুটি ঐতিহাসিক স্থানে পৌঁছাবার নিরাপদ ব্যবস্থা এবং ব্রিজের পূর্বদিকে দর্শনার্থীদের গাড়ী পার্কিং করার একটি নতুন জায়গাকে অন্তর্ভুক্ত করেছে।

"হাডসন রিভার স্কাইওয়াকের আজকের উদ্বোধন, নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীদের নিরাপদে ও সহজে দুটি ঐতিহাসিক স্থান দেখার সুযোগ করে দেবে", **গভর্নর কুওমো বলেন।** "থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান এবং ওলানা স্টেট ঐতিহাসিক স্থানটি আগে থেকেই অঞ্চলটির একটি অর্থনৈতিক উদ্দীপক হিসাবে কাজ করত, এবং এই নতুন প্রকল্পের মাধ্যমে সংযোজনটি, স্কাইওয়াক, ভবিষ্যৎ প্রজন্মের জন্য হাডসন ভ্যালির উন্নতি বিধান করতে একটি আঞ্চলিক আকর্ষণ হিসাবে কাজ করবে।"

হাডসন রিভার স্কাইওয়াক হল নতুন করে ডিজাইন করা হাডসন রিভার স্কাইওয়াক অঞ্চলের মধ্যমণি, যা রিপ ভ্যান উইঙ্কেল ব্রিজ, দি থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান এবং ওলানা স্টেট

ঐতিহাসিক স্থান, হাডসন সিটি, গ্রীনপোর্ট টাউন এবং ক্যাটস্কিল টাউনকে অন্তর্ভুক্ত করে। অঞ্চলটির অসামান্য পর্যটনের সুযোগের উপর গুরুত্ব আরোপ করতে 2018 সালের মার্চ মাসে গভর্নর কুওমো অঞ্চলটিকে মনোনীত করেন।

উদ্বোধনী উপলক্ষে, স্টেটের এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, সেইসাথে সর্বসাধারণের উপস্থিতিতে, আজ একটি আনুষ্ঠানিক ফিতে-কাটার অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

"এই অর্থনৈতিক পর্যটন প্রকল্পকে ফলপ্রসূ হতে দেখার জন্য নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি সকল কমিউনিটি অংশীদারদের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করেছে", **নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি বোর্ডের সভাপতি, এ. গেরেনটাইন বলেছেন।** "যে প্রকল্পটির থেকে সামগ্রিকভাবে ভবিষ্যত প্রজন্মের জন্য অঞ্চলটির উন্নতি হবে, সেই প্রকল্পটি বাস্তবায়িত হতে দেখার জন্য গভর্নর কুওমোর সহায়তা অত্যন্ত প্রয়োজনীয়।"

"হাডসন রিভার স্কাইওয়াকটিকে সময়মতো খোলার জন্য এবং সর্বসাধারণের কাছে এখন এটির সম্পূর্ণতা তুলে ধরার জন্য গভর্নর কুওমো এই প্রকল্পটিকে শুরু থেকে শেষ পর্যন্ত সহায়তা করে গেছেন", **নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটির ভারপ্রাপ্ত এক্সিকিউটিভ ডিরেক্টর, টারা সুলিভান বলেছেন।** "আগামী দিনগুলিতে সর্বসাধারণ যে প্রকল্প থেকে অনুপ্রেরণা পেতে সক্ষম হবে, সেই প্রকল্পে অন্য সকল অংশীদারদের সাথে কাজ করতে পেরে ব্রিজ অথোরিটি ধন্য।"

নিউ ইয়র্ক স্টেট পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত কমিশনার মেরি থেরেসে ডমিঙ্গুয়েজ বলেন, "পরিবহন ব্যবস্থার এই নতুন পরিকাঠামো মানুষকে এক স্থান থেকে অন্য স্থানে নিরাপদে যাতায়াত করার থেকেও বেশি কিছু করবে; হাডসন রিভার স্কাইওয়াক দুটি গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক স্থানকে সংযুক্ত করবে যা ঐতিহাসিক স্থান এবং হাডসন রিভার ভ্যালির দ্রষ্টব্য স্থানগুলিকে দেখার জন্য আরও দর্শনার্থীদের আহ্বান জানাবে। পিছিয়ে পড়া কমিউনিটিগুলির উন্নতিবিধান করার সময় স্থানীয় অর্থনীতিগুলির নিরাপত্তা এবং প্রবেশাধিকারের উন্নতিবিধানকে উদ্দীপ্ত করতে সড়ক এবং ব্রিজের উন্নয়নের ব্যবহারে গভর্নর কুওমোর নেতৃত্ব।"

স্টেটের পার্কস (State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "হাডসন রিভার স্কাইওয়াক সম্পূর্ণ করা, নিউ ইয়র্কবাসী এবং সেইসাথে দর্শকদের জন্য বহিরঙ্গন চিত্তবিনোদনের সুযোগ সম্প্রসারণের অভিমুখে গভর্নরের অঙ্গীকারের একটি প্রতিফলন। এটি ওলানা স্টেটের ঐতিহাসিক স্থানের ছবির মতো মাঠ এবং অট্টালিকার দেখার আরও নয়নাভিরাম পথ প্রদান করবে এবং এই অঞ্চল জুড়ে পর্যটনকে আরও উজ্জীবিত করে তুলবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "নতুন হাডসন রিভার স্কাইওয়াকগুলির প্রকল্পগুলিতে আমাদের কৌশলগত সহায়তা এবং বিনিয়োগ, সকল নিউ ইয়র্কবাসী, এবং সকল দর্শনার্থীদের স্টেটের অন্যতম জলাশয় সন্নিহিত শহরাঞ্চল, নয়নাভিরাম প্রাকৃতিক ভূদৃশ্য এবং সাংস্কৃতিক গন্তব্যস্থলে আরও উন্নত অভিগম্যতা প্রদান করবে, সেইসাথে নিউ ইয়র্কের ক্রমবর্ধমান পর্যটন অর্থনীতিকে উজ্জীবিত করবে।"

"নিউ ইয়র্কের স্থানীয় জলাশয় সন্নিহিত শহরাঞ্চলের পুনরুজ্জীবন কর্মসূচি এই ধরণের প্রকল্পগুলির জন্য করা গঠন করা হয়েছে, এবং স্কাইওয়াকটিকে গড়ে তুলতে একটি ভূমিকা নিতে পেরে আমরা সম্মানিত বোধ করছি", **নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট রোসানা রোসাডো বলেছেন।** "আক্ষরিকভাবে কমিউনিটি এবং দ্রষ্টব্যগুলির মেলবন্ধন ঘটানোর গুরুত্বপূর্ণ পরিকাঠামো এবং উন্নয়ন প্রকল্পগুলিকে সহায়তা করে, আমরা নিউ ইয়র্ক স্টেটকে আগের থেকেও আরও আকর্ষণীয় করে তুলছি।"

রাজধানী অঞ্চল অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Capital Region Economic Development Council) সহ-সভাপতি, অ্যালব্যানি বিশ্ববিদ্যালয়ের (University at Albany) প্রেসিডেন্ট ড. হাভিডেন রড্রিগেজ এবং কিব্যাংক মার্কেট (KeyBank Market) প্রেসিডেন্ট রুথ ম্যাহনি বলেন, "হাডসন ভ্যালি, ক্যাটস্কিল মাউন্টেন এবং রাজধানি অঞ্চল জুড়ে বহু উল্লেখযোগ্য ঐতিহাসিক এবং সাংস্কৃতিক স্থানের প্রাকৃতিক সৌন্দর্যের সাথে আরও দর্শনার্থীদের পরিচয় করাবে এমন একটি প্রকল্পকে সহায়তা করতে পেরে, পরিষদের পক্ষ থেকে আমরা গর্বিত।"

সিনেটর জর্জ আমেডোর বলেন, "হাডসন রিভার স্কাইওয়াক অঞ্চলের ইতিহাসে একটি অবিচ্ছেদ্য ভূমিকা নেওয়া দুটি ঐতিহাসিক স্থানের মধ্যে একটি গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন করেছে। সেই সাথে, এটি আবাসিক এবং দর্শনার্থীদের নদী এবং পার্শ্ববর্তী অঞ্চলের মনোমুগ্ধকর প্রাকৃতিক দৃশ্য উপভোগ করার একটি উন্নত সুযোগ প্রদান করে।"

অ্যাসেমব্লী সদস্য ডিডি ব্যারেট বলেছেন, "আমেরিকার প্রথম চিত্রকলা আন্দোলনের জন্ম, এবং, তর্কসাপেক্ষে, আমেরিকার প্রথম ভূমি সংরক্ষণ সচেতনতা উভয়ই হাডসন ভ্যালির এই অভূতপূর্ব সুন্দর স্থানে পরিলক্ষিত হয় যেখানে ভূদৃশ্য চিত্রশিল্পী থমাস কোল এবং ফ্রেডারিক চার্চ দুজনের বাড়ি নদীর উভয় তীরে ছিল। এই দুটি ঐতিহাসিক স্থানের সংযোগকারী হাডসন ভ্যালি স্কাইওয়াক অঞ্চলের এই মনোনয়ন এই কিংবদন্তী স্থান এবং তার অনুপ্রেরণামূলক দৃশ্যপটের একটি যথাযথ স্বীকৃতি।"

এই দুই ঐতিহাসিক স্থান, হাডসন রিভার এবং ক্যাটস্কিল মাউন্টেন্স যে পরিবর্তনশীল ভূমিকা পালন করেছে তা অন্বেষণের জন্য আদর্শ পরিবেশ প্রদান করে – এবং আমেরিকান শিল্পকলার ইতিহাসে – ভূমিকা পালন করা অব্যাহত রাখে। থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান, থমাস কোলের (1801-1848), আমেরিকার প্রথম প্রধান কলা আন্দোলনের স্থপতি, হাডসন রিভার ভূদৃশ্য অঙ্কনের স্কুল (Hudson River School of landscape painting), বাড়ি এবং স্টুডিওগুলিকে উপস্থাপিত করে।

ওলানা স্টেট ঐতিহাসিক স্থান, কোলের প্রবাদপ্রতীম ছাত্র এবং আমেরিকার প্রথম আন্তর্জাতিক তারকা কলাশিল্পী ফ্রেডারিক চার্চের (1826-1900) সর্বশ্রেষ্ঠ শিল্পকর্ম। হাডসন সিটি এবং ক্যাটস্কিল টাউন হাঁটারযোগ্য ডাউনটাউন এবং জনপ্রিয় দোকানপাট, রেস্তোরাঁ, সরাইখানা এবং কলার স্থান সহ ছবির মতো হাডসন রিভার কমিউনিটি জলাশয় সংলগ্ন শহরাঞ্চল। ডাউনটাউন হাডসনে আমট্রাক স্টেশন – সেইসাথে ক্যাটস্কিলে ট্যাক্সি করে 10 মিনিটের মধ্যে উভয় স্থানে সহজে পৌঁছে যাওয়া যায়।

হাডসন রিভার স্কাইওয়াক তার নিজের অধিকারে অসামান্য অর্থনৈতিক সম্ভাবনা এবং হাডসন রিভার স্কাইওয়াক অঞ্চলে পর্যটনের কেন্দ্রবিন্দু হিসাবে অনুষ্ঠানটি উদযাপন করেছে। স্যারাটোগা স্প্রিংস-ভিত্তিক ELAN অনুমান করেছে যে কলোম্বিয়া এবং গ্রীন কাউন্টিতে হাডসন রিভার স্কাইওয়াক দ্বারা সৃষ্ট নতুন দর্শনার্থীদের, রেস্তোরাঁ এবং থাকার জন্য স্থানীয় ব্যবসায় বছরে করা খরচের সম্ভাব্য পরিমাণ 4.53 মিলিয়ন ডলার। সেটি একত্রিতভাবে দুটি কাউন্টিতে বছরে 270,000 ডলারেরও বেশি নতুন করের রাজস্ব সৃষ্টি করবে।

এই ঐতিহাসিক স্থান ইতিমধ্যে যে অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করেছে ওই রাজস্ব তার উপরি পাওনা। বিজনেস অপারচুনিটিজ ম্যানেজমেন্ট কনসাল্টিং ইন নর্থ গ্রীনবুশ (Business Opportunities Management Consulting in North Greenbush) দ্বারা সাম্প্রতিক বিশ্লেষণে দেখা গেছে যে সম্মিলিতনোবা থমাস কোল সাইট এবং ওলানার বছরে অর্থনৈতিক প্রভাব প্রায় 11.6 মিলিয়ন ডলার এবং স্থানীয় অর্থনীতিতে 274টি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করবে।

বছরে মোট 15.73 মিলিয়ন এবং 330টি চাকরির জন্য - হাডসন রিভার স্কাইওয়াক 4.53 মিলিয়ন ডলার যোগ করবে এবং 66টি চাকরির অনুমান করা হয়েছে। এটি উল্লেখযোগ্য ইতিহাস, নয়নাভিরাম দৃশ্য, এবং একটি সংযোগকারী হাঁটাপথের অনন্য সংমিশ্রণের উপর ভিত্তি করে একটি নতুন অর্থনৈতিক উদ্দীপকও তৈরি করবে, এর সবটাই শৈল্পিক শক্তি এবং অন্য অনেক আকর্ষণযুক্ত কর্মব্যস্ত একটি অঞ্চলের মধ্যে।

এই আঞ্চলিক পর্যটক আকর্ষণের বিপণনে সহায়তা করতে গভর্নর কুওমো গত বছর হাডসন রিভার স্কাইওয়াক অঞ্চল তৈরি করার কথা ঘোষণা করেছিলেন। এটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন পরিষদের (Regional Economic Development Council) উদ্যোগের মাধ্যমে ওলানার সাথে অংশীদারীত্বে থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থানকে 225,000 ডলার মার্কেট নিউ ইয়র্ক অনুদান দ্বারা সহায়তা করা হয়েছে। এই পুরস্কার সম্প্রতি আরম্ভ করা হাডসন রিভার স্কাইওয়াক ওয়েবসাইট তৈরি করতে সহায়তা করেছে যা অঞ্চলটিতে দর্শনার্থীদের আমন্ত্রণ জানাবে।

"থমাস কোল এবং ফ্রেডারিক চার্চকে প্রতিনিধিত্ব করা - এই দুই ঐতিহাসিক স্থান প্রায় দুইশত বছর ধরে ঐতিহাসিকভাবে সংযুক্ত", **থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান এর এক্সিকিউটিভ ডিরেক্টর, এলিজাবেথ জ্যাকস বলেছেন।** "হাডসন রিভার স্কাইওয়াকের হাঁটার পথ তৈরির মাধ্যমে, একটি দর্শনীয় সমন্বিত গন্তব্য তৈরি করে ওই ঐতিহাসিক এবং বিষয়ভিত্তিক সংযোগটিকে সিমেন্ট এবং ইস্পাত দিয়ে তৈরি করা হয়েছে।"

"হাডসন রিভার স্কাইওয়াক শুধুমাত্র ফ্রেদারিক চার্চের ওলানা এবং থমাস কোল সাইটের সংযোগ সাধনকারী একটি প্রধান নতুন পর্যটন অঞ্চলের মধ্যমণিই নয় সেইসাথে হাডসন এবং ক্যাটস্কিলের শৈল্পিক শক্তি", **ওলানা পার্টনারশীপের (The Olana Partnership) প্রেসিডেন্ট, সিয়ান সওইয়ার বলেছেন।** "হাডসন রিভার স্কাইওয়াক অঞ্চল দুই কাউন্টি এবং সমগ্র হাডসন ভ্যালির জন্য একটি মুখ্য অর্থনৈতিক চালক হয়ে উঠবে।"

গ্রীনি কাউন্টি আইনসভার সভাপতি প্যাট্রিক লিঙ্গার বলেছেন, "গভর্নর কুওমোর নেতৃত্বের সহায়তায়, হাডসন রিভার স্কাইওয়াক এখন একটি মূল্যবান রত্ন যা আমাদের ঐতিহাসিক নিদর্শন এবং প্রাকৃতিক সৌন্দর্য্য দেখতে অঞ্চলটিতে সহস্রাধিক পর্যটকদের আহ্বান জানাবে।"

ভিলেজ অফ ক্যাটস্কিল বোর্ড অফ ট্রাস্টির প্রেসিডেন্ট ভিনসেন্ট সেলি বলেছেন, "গভর্নর কুওমোর নেতৃত্বাধীন, হাডসন রিভার স্কাইওয়াক প্রকল্প, ফলপ্রসূ হয়েছে এবং নদীর উভয় তীরের কমিউনিটিগুলির জন্য একটি আশীর্বাদ হয়ে উঠবে।"

টাউন অফ গ্রীনপোর্ট এর সুপারভাইজার ক্যাথলিন এলড্রিজ বলেছেন, "যারা আমাদের সুন্দর অঞ্চলে আসেন তাদের সকলের জন্য এটি এখন একটি অভূতপূর্ব গন্তব্যস্থল এবং এই প্রকল্পটিকে সম্ভব করে তুলতে গভর্নর কুওমোর আত্মনিবেদনের জন্য তাকে আমরা ধন্যবাদ জানাবো। DOT এবং আমাদের স্টেটের অংশীদাররা কমিউনিটিগুলির প্রয়োজনীয়তা এবং পরামর্শ সম্পর্কে অত্যন্ত সুগ্রাহী।"

নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি
নিউ ইয়র্ক স্টেট ব্রিজ অথোরিটি বিয়ার মাউন্টেন (Bear Mountain), নিউবার্গ-বেকন (Newburgh-Beacon), মিড-হাডসন (Mid-Hudson), কিংস্টোন-রাইনক্লিফ (Kingston-Rhinecliff) এবং রিপ ভ্যান উইঙ্কেল (Rip Van Winkle) ব্রিজগুলি পরিচালনা করে এবং হাডসন ব্রিজের উপরের হাঁটারপথটির কাঠামো রক্ষণাবেক্ষণ করে। অথোরিটিটি মূলত ব্রিজের টোল থেকে অর্থের যোগান পায় এবং স্টেট বা যুক্তরাষ্ট্রীয় করের অর্থ থেকে ব্রিজ রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার কোনো অর্থ পায় না।

ওলানা এবং দি ওলানা পার্টনার্রশীপ
ওলানা হল মধ্য-19 শতকের অন্যতম শ্রেষ্ঠ আমেরিকান শিল্পী ফ্রেডারিক এডউইন চার্চের (1826-1900), সর্বশ্রেষ্ঠ শিল্পকর্ম। চার্চ তার কলা, স্থাপত্য, ভূদৃশ্যের নকশা, এবং পরিবেশ সংরক্ষণ সম্পর্কে উন্নত ধারণাগুলির সংমিশ্রণে একটি পূর্ণাঙ্গ পরিবেশ হিসাবে ওলানাকে ডিজাইন করেছিলেন। ওলানার 250-একর শিল্পীর-নকশা করা ভূদৃশ্য সেইসাথে পারসিকদের বাড়ির অনুকরণে একটি শীর্ষভাগ হাডসন ভ্যালি এবং ক্যাটস্কিল মাউন্টেনের অতুলনীয় সুন্দর দৃশ্যের অবতারণা করে এবং, এখন বছরে 170,000 দর্শনার্থীকে স্বাগত জানায়।

ওলানা স্টেট ঐতিহাসিক স্থান, নিউ ইয়র্ক স্টেট উদ্যান, বিনোদন এবং ঐতিহাসিক স্থান সংরক্ষণের কার্যালয়, ট্যাকোনিক অঞ্চল (New York State Office of Parks, Recreation and Historic Preservation, Taconic Region), দ্বারা পরিচালিত একটি ঐতিহাসিক স্থান, একটি প্রসিদ্ধ ঐতিহাসিক নিদর্শন এবং স্টেটের অন্যতম সর্বাধিক পরিদর্শিত স্থান। ওলানা পার্টনারশীপ, একটি বেসরকারী অমুনাফাভোগী শিক্ষা নিগম, ওলানা স্টেট ঐতিহাসিক স্থানের পুনরুদ্ধার, সংরক্ষণ, এবং উদ্ভাসনে সহায়তা করতে নিউ ইয়র্ক স্টেটের সাথে সহযোগিতা করে। ওলানা এবং ওলানা পার্টনারশীপ সম্পর্কে আরও জানতে এখানে ক্লিক করুন।

থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান

থমাস কোল জাতীয় ঐতিহাসিক স্থান হল, দেশের প্রথম প্রধাণ কলা আন্দোলন, হাডসন রিভার স্কুল অফ পেন্টিং এর স্থপতি থমাস কোলের আসল বাড়ি এবং স্টুডিওগুলির উপস্থাপনা করা আমেরিকান শিল্পের জন্মস্থান। হাডসন ভ্যালিতে ছয় একরের উপর অবস্থিত, স্থানটি 1815 সালের মূল আবাস, কোলের 1839 সালের পুরানো স্টুডিও, সম্প্রতি পুনঃনির্মিত নতুন স্টুডিও বিল্ডিং, এবং ক্যাটস্কিল মাউন্টেনসের প্যানোরেমিক দৃশ্যকে অন্তর্ভুক্ত করে। এটি একটি জাতীয় ঐতিহাসিক নিদর্শন এবং জাতীয় উদ্যান ব্যবস্থার (National Park System) একটি সম্বন্ধযুক্ত অঞ্চল। থমাস কোল স্থানটি পথপ্রদর্শিত বা নিজ পথ প্রদর্শিত ভ্রমণ, 19 শতকের সমসাময়িক চিত্রশিল্প, মুদ্রিত প্রকাশনা, শিক্ষাদান, ব্যাপক অনলাইন কর্মসূচি, স্কুল গ্রুপগুলির জন্য কার্যকলাপ, কোল ফেলোশীপ প্রোগ্রাম, বিনামূল্যে কমিউনিটি ইভেন্ট এবং হাডসন রিভার স্কুল আর্ট ট্রেল – একটি মানচিত্র এবং ওয়েবসাইট যা দর্শনার্থীদের প্রকৃতিতে কোলের অঙ্কিত স্থানগুলি পরিদর্শনের মতো সৃজনশীল সার্বজনীন অনুষ্ঠানগুলি প্রদর্শনের প্রস্তাব করে। থমাস কোল সাইটের সমস্ত প্রোগ্রামের লক্ষ্য হল থমাস কোলের জীবন এবং কাজের অর্থ এবং অনুপ্রেরণা দেখতে দর্শনার্থীদের সক্ষম করে তোলা। কোল তার চিত্রকলা এবং লেখায় যে বিষয়গুলি ফুটিয়ে তুলেছেন – যেমন ভূদৃশ্য সংরক্ষণ এবং পুরাকালে এবং বর্তমানে উভয় সময়েই - পুনর্স্থাপন করার শক্তি হিসাবে প্রকৃতি সম্পর্কে আমাদের ধারণা, অন্তর্দৃষ্টি সম্পন্ন দর্শকদের সাথে সংযোগ করার সুযোগ প্রদান করে যা দর্শকদের নিজস্ব জীবনের ক্ষেত্রে অত্যন্ত প্রাসঙ্গিক।

থমাস কোল সাইট সম্পর্কে এখানে এবং গেটওয়ে টু দি গ্রেট নর্দার্ন ক্যাটস্কিলস সম্পর্কে এখানে আরও জানুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন